রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৪, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও বিক্রয় কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই জ্যৈষ্ঠ, ১৩৯৫/২৪শে মে, ১৯৮৮

নং এস, আর, ও ১২২-আইন/৮৮/১১২৪/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর section 4(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় সংসদের কোন সদস্য কর্তৃক আমদানীকৃত একটি জীপ বা অনধিক ১৩০০ সি সি জ্বালানী অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন মোটর গাড়ীর (কারের) উপর আরোপণীয় সমুদয় customs duty ও sales tax নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিলেন, যথা:—

(ক) এই প্রজ্ঞাপনের অধীন সুবিধা একজন সংসদ-সদস্য কর্তৃক একটিমাত্র জীপ বা মোটর গাড়ী (কার) আমদানীর বেলায় প্রযোজ্য হইবে; কোন ব্যক্তি একাধিকবার সংসদ-সদস্য নির্বাচিত হইলেও তিনি এই প্রজ্ঞাপনের অধীন customs duty ও sales tax মুক্ত জীপ বা মোটর গাড়ী কেবলমাত্র একবারই আমদানী করিতে পারিবেন;

(খ) আমদানীকৃত জীপ বা মোটর গাড়ী আমদানীকারক সংসদ-সদস্য পদে বহাল থাকাকালীন সময় অথবা উহা আমদানীর পরবর্তী তিন বৎসর—যেটিই আগে হয়—এর পূর্বে হস্তান্তর করা যাইবে না;



মূল্য : .৫০ পয়সা

(গ) আমদানীর পর তিন বৎসর অতিবাহিত হইবার পূর্বে আমদানীকৃত জীপ বা মোটর গাড়ী হস্তান্তর করিতে হইলে এই প্রজ্ঞাপনের অধীন মওকুফকৃত সমুদয় customs duty ও sales tax উক্ত জীপ বা মোটর গাড়ী হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট কালেক্টরের নিকট পরিশোধ করিতে হইবে ;

(ঘ) এই প্রজ্ঞাপনের অধীন customs duty ও sales tax মুক্ত আমদানীর সুবিধা লাভের নিমিত্ত সংশ্লিষ্ট সংসদ-সদস্যকে মাননীয় স্পীকার হইতে এই মর্মে একটি প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে যে জাতীয় সংসদের সদস্য-পদ সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের স্বার্থে তাঁহার (সংসদ-সদস্যের) এই জীপ বা মোটর গাড়ীর প্রয়োজন আছে; এবং

(ঙ) মাননীয় স্পীকার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রটি আমদানীকৃত জীপ বা মোটর গাড়ী খালাসের জন্য সংশ্লিষ্ট শুল্ক ভবনে দাখিল করিতে হইবে।

২। কোন সংসদ-সদস্য কর্তৃক দেশে অনুমোদিত গাড়ী সংযোজনকারী প্রতিষ্ঠানে সংযোজিত জীপ ক্রয় করার ক্ষেত্রে সম্পূর্ণ বিযুক্ত অবস্থায় আমদানীতে সেই জীপের উপর প্রযোজ্য customs duty এবং sales tax এই শর্তে মওকুফ করা হইল যে, উক্ত জীপ উহা ক্রয়ের পরবর্তী তিন বৎসরের মধ্যে হস্তান্তর করা হইলে হস্তান্তরের পূর্বে সংশ্লিষ্ট সংসদ-সদস্যকে মওকুফপ্রাপ্ত সমুদয় customs duty এবং sales tax সংশ্লিষ্ট শুল্ক ভবনের কালেক্টরের নিকট পরিশোধ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ আবদুল হান্নান**
অতিরিক্ত সচিব।

[নথি নং ৩(১০) কাল-১৮৭]

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।